

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



একটি উজ্জ্বল ভবিষ্যতের প্রতি...একটি চমৎকার শুরু

প্রিয় নিউ ইয়র্কবাসী,

নতুন শিক্ষা বছর সূচনা করার পথে আমি যখন পাঁচ বরো জুড়ে বিভিন্ন স্কুল পরিদর্শন করছিলাম, তখন আমি আমাদের ছেলেমেয়ে ও শিক্ষকদের উদ্দীপনা এবং প্রাণশক্তি দ্বারা উজ্জীবিত হয়েছি। নিউ ইয়র্ক সিটির পাবলিক স্কুলের অংশ হবার এবং শিক্ষা বছরটি চমৎকারভাবে শুরু করতে সহায়তা করার জন্য আপনাকে ধন্যবাদ।

আমাদের শিক্ষার্থীদের বন্ধুবান্ধব ও শিক্ষকদের সাথে পুনরায় সংযোগ করতে এবং তারা শেখার জন্য কতটা প্রস্তুত ও আগ্রহী তা দেখে পেয়ে খুব ভাল লেগেছে। এবং আমি আশা করছি আপনি আমাদের ক্যাম্পাস এবং ক্লাসরুমগুলোর কিছু ছবি উপভোগ করেছেন।

আমরা ছেলেমেয়েদের আরো ভালভাবে পরিষেবা দেয়ার জন্য আমরা শিক্ষার্থী অভিজ্ঞতা নতুন আঙ্গিকে রূপ দেয়ার প্রতি মনোনিবেশ করছি। সাক্ষরতা--যা সকল শিক্ষার গঠন স্তর--এই শিক্ষা বছর সেটার প্রতি জোর মনোনিবেশ

করা হবে। সকল এলিমেন্টারি স্কুলে একটি উচ্চ-মানসম্পন্ন, ধ্বনিবিজ্ঞান বা ফোনিক্স-ভিত্তিক সাক্ষরতা কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে আমরা রিডিং (পড়ে বোঝা) কীভাবে শিক্ষা দেই তা ব্যাপক পরিবর্তন করছি।

এই বছর, সকল ছেলেমেয়েদের আমরা যেভাবে পরিষেবা দেই তা উন্নতি করতে, আমাদের পরিবারদের অনুরোধ অনুযায়ী আরো অধিক শিক্ষার সুযোগ অফার করছি। এতে অন্তর্ভুক্ত [পেশা-সংযোগ কর্মসূচিসমূহ \(ক্যারিয়ার-কানেক্টেড প্রোগ্রাম\)](#), আরও কমিউনিটি স্কুল, গিফটেড ও ট্যালেন্টেড অফার, দ্বিভাষিক বা বাইলিঙ্গুয়াল শিক্ষা প্রোগ্রামসমূহ এবং প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য দীর্ঘ-মেয়াদী শিক্ষায়তনিক ফলাফলের উন্নতি বৃদ্ধির মাধ্যমে ভাল চাকরি এবং অর্থনৈতিক নিরাপত্তার পথ-পরিক্রমা বৃদ্ধি।

আমরা একটি চমৎকার সূচনা করেছি...এবং খুব ভাল একটি বছরের প্রত্যাশা করছি--এবং আপনাদের সকলের সাথে একযোগে কাজ করা--আমাদের স্কুল এবং আমাদের ছেলেমেয়েদের জন্য আমরা যে দিগন্ত দেখতে পাচ্ছি সেই উজ্জ্বল ভবিষ্যতের পথে আমাদের এগিয়ে নিয়ে যাবে।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্ক্রাইব](#) করুন।